আপনি আরও তথ্য কোথায় পেতে পারেন?

- টেলিফোন করুন:

020 7035 2898

- চিঠি লিখুন:

The Ombudsman
Ashley House
2 Monck Street
London
SW1P 2BQ

- নিচের ঠিকানায় আমাদের ওয়েবসাইট দেখুন:

www.ppo.gov.uk

এই প্রচারপত্রটি বিভিন্ন ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়।

আপনার ইমিগ্রেশন রিমুভাল সেন্টার থেকে এর একটা কপি (প্রতিলিপি) চাইবেন। অথবা 020 7035 2898 নম্বরে টেলিফোন করবেন।

Published by Home Office Communication Directorate, September 2006 Ref: 276802

Bengali

ইমিগ্রেশন (অভিবাসন) লিফলেট

The OMBUDSMAN
Independent Investigations

আস্থার সাথে অভিযোগ করুন

ওম্বড্স্ম্যান-এর কাছে অভিযোগ করা

বাস্তবিক . খোলাখুলি . কার্যকরী

আপনি কখন আমাদের কাছে অভিযোগ করতে পারবেন ?

ইমিগ্রেশনের কর্মচারীদের কাছে যথানিয়মের বাইরে অভিযোগ

সন্তুষ্ট হননি

অভিযোগের ফর্মে রীতিগতভাবে অভিযোগ

সন্তুষ্ট হননি

আমাদের কাছে অভিযোগ

প্রথমে, সমস্যাটির সমাধান করার উদ্দেশ্যে চেষ্টা করার জন্য আপনার ইমিগ্রেশনের অভিযোগ সংক্রান্ত ব্যবস্থা ব্যবহার করা উচিত।

- রিমুভাল সেন্টারের কর্মচারীদের সাথে কথা বলে দেখুন যে তারা রীতিগতভাবে না এগিয়ে, এটার সমাধান করতে পারেন কিনা।
- তারা যদি সাহায্য করতে না পারেন, তাহলে একটা অভিযোগের ফর্ম ভর্তি করে রীতিগতভাবে অভিযোগ করবেন।

আপনি যে উত্তর পেয়েছেন তাতে আপনি সন্তুষ্ট না হলে, আপনি আমাদের কাছে অভিযোগ করতে পারেন। কিন্তু আপনি উত্তর পাওয়ার **এক মাসের** মধ্যে আপনাকে এটা করতে হবে।

আপনি আমাদের কাছে কিভাবে অভিযোগ করবেন ?

এই প্রচারপত্রটির সাথে দেওয়া ফর্মটা ভর্তি করে অথবা, আপনি চাইলে, আপনার অভিযোগের বিবরণ দিয়ে আমাদের কাছে চিঠি লিখতে পারেন। প্রথম দিকে আমাদের শুধু সংক্ষিপ্ত বিবরণ দরকার হয়। কিন্তু আপনার অভিযোগের ফর্মটা পাঠালে আমাদের সুবিধা হয়। আমাদের যখন আরও তথ্য দরকার হবে, তখন আমরা আপনার সাথে যোগাযোগ করব।

আপনার পড়তে বা লিখতে যদি কোনরকম সমস্যা থাকে, তাহলে একজন বন্ধু বা আত্মীয় অথবা ইন্ডিপেন্ডেন্ট মনিটরিং বোর্ডের একজন সদস্যকে সাহায্য করতে বলবেন।

The OMBUDSMAN
Independent Investigations

আস্থার সাথে অভিযোগ করুন

কারা অভিযোগ করতে পারেন ?

যেসব ইমিগ্রেশন প্রার্থীদের আটকে রাখা হয়েছে, তারা সকলেই আমাদের কাছে অভিযোগ করতে পারেন।

আপনি কি বিষয়ে অভিযোগ করতে পারেন ?

আটকে রাখার সময় আপনার সাথে যা আচরণ করা হয়েছে তার প্রায় সবকিছুর সম্বন্ধেই আপনি অভিযোগ করতে পারেন। তবে, আপনাকে ইউনাইটেড কিংডম থেকে বহিষ্কৃত করা সমেত, আপনার ইমিগ্রেশনের মামলা সম্পর্কিত কোন অভিযোগ নিয়ে এই ওম্বড্স্ম্যান কাজ করতে পারবে না।

আপনি অভিযোগ করার পরে কি হবে ?

আমরা আপনার অভিযোগটি পড়ব এবং সেটা আমরা হাতে নিতে রাজী কিনা তা জানিয়ে 10 দিনের মধ্যে আপনাকে চিঠি লিখব। আমরা যদি আপনার অভিযোগ নিতে রাজী না হই, তাহলে আমরা তার কারণ আপনাকে বুঝিয়ে বলব।

আমরা আপনার অভিযোগের সাথে একমত কিনা সেটা আমরা কিভাবে ঠিক করি ?

সব অভিযোগের ব্যাপারে কাজ করার সময় প্রমাণগুলিকে আবার নতুন করে দেখি এবং তারপরে সিদ্ধান্ত নিই যে কি করা ঠিক হবে। আপনার অভিযোগের ফলাফল যাই হোক না কেন, আমরা সবসময় আমাদের সিদ্ধান্তের কারণগুলি আপনাকে জানাব।

আপনার অভিযোগ সম্বন্ধে অনুসন্ধান করার সময় কি হবে ?

আমরা আপনার কাছ থেকে, ইমিগ্রেশন সার্ভিসের কাছ থেকে এবং অন্য কেউ আমাদের সাহায্য করতে পারবে বলে মনে করলে তাদের কাছ থেকে তথ্য সংগ্রহ করব। তারপরে নিচের উপায়গুলির যে কোন একটি উপায়ে আমরা আপনার অভিযোগ সম্বন্ধে ব্যবস্থা নেওয়ার চেষ্টা করব।

- লোকাল রেজোলিউশন - এর মানে হচ্ছে যে এমন একটা সমাধান খুঁজে বের করা যে বিষয়ে আপনি ও রিমুভাল সেন্টার, এই দুই পক্ষই একমত হতে পারবেন। প্রায়সময়ই, এটা হচ্ছে একটা অভিযোগের মিটমাট করার সবচেয়ে তাড়াতাড়ি উপায়।
- একটা সংক্ষিপ্ত রিপোর্ট বা চিঠি - যে সব ক্ষেত্রে দুই পক্ষের মতের মিল না হয়, সেইসব ক্ষেত্রে আমরা এটা ব্যবহার করি। এটাও বেশ তাড়াতাড়ি হতে পারে।
- একটা সম্পূর্ণ রিপোর্ট - যে সব ক্ষেত্রে দুই পক্ষের মতের মিল না হয়, সেইসব ক্ষেত্রে আমরা এটাও ব্যবহার করি। সংক্ষিপ্ত রিপোর্টটির তুলনায় এটা আরও বিস্তারিত এবং এটা লিখতে অপেক্ষাকৃত বেশী সময় লাগে।

12 সপ্তাহের মধ্যে আমরা আমাদের অনুসন্ধানের কাজ শেষ করব, কিন্তু বেশীরভাগ ক্ষেত্রেই এর থেকে অনেক কম সময় লাগবে। আমরা যদি আপনার অভিযোগের সাথে একমত হই, তাহলে প্রতিকার করার জন্য ইমিগ্রেশন সার্ভিসের কি করা উচিত তার জন্য একটা সুপারিশ এই রিপোর্টে থাকবে।

The Ombudsman
Ashley House, 2 Monck Street, London SW1P 2BQ

টেলিফোন: 020 7035 2898
ইমেইল: immigrationcomplaints@ppo.gsi.gov.uk
www.ppo.gov.uk

আবেদন করার ফর্ম

The OMBUDSMAN
Independent Investigations

দয়া করে নিচের ফর্মটি ভর্তি করে আমাদের কাছে পাঠিয়ে দেবেন।

আপনার সম্বন্ধে ব্যক্তিগত তথ্য

পদবী:

উপাধি (মিঃ, মিসেস, মিজ্, মিস):

নাম:

ইমিগ্রেশন মামলার রেফারেন্স নম্বর:

জন্মতারিখ: / /

আপনাকে যে ইমিগ্রেশন রিমুভাল সেন্টারে আটকে রাখা হয়েছে দয়া করে তার নামটা লিখুন।

আপনার অভিযোগ নিয়ে কাজ করার সময় অথবা আপনার সাথে যোগাযোগ করার সময় আমাদের খেয়াল রাখতে হবে, আপনার এরকম কোন বিশেষ প্রয়োজন থাকলে তা দয়া করে এখানে লিখুন।

আপনার অভিযোগ

আপনি যে বিষয়টি সম্বন্ধে অভিযোগ করছেন সেটা যখন ঘটেছিল, তখন আপনি কোন ইমিগ্রেশন রিমুভাল সেন্টারে ছিলেন? যদি রক্ষীদের সাথে যাতায়াত করার সময় এটা ঘটে থাকে, তাহলে আপনার যাত্রা কোথায় শুরু ও শেষ হয়েছে, দয়া করে তা জানাবেন।

ইমিগ্রেশন সার্ভিস কি আপনার অভিযোগ বিবেচনা করে দেখেছে? হ্যাঁ ☐ না ☐

যদি 'হ্যাঁ' হয়, তাহলে দয়া করে তাদের উত্তরের একটা কপি আমাকে পাঠাবেন। আপনি যদি কোন উত্তর না পেয়ে থাকেন, তাহলে আপনার অভিযোগ সম্বন্ধে আমাদের অনুসন্ধান করতে পারার সম্ভাবনা কম।

আপনার অভিযোগ যদি হারিয়ে যাওয়া বা ক্ষতিগ্রস্ত হওয়া সম্পত্তি সম্বন্ধে হয়ে থাকে, তাহলে দয়া করে সেই জিনিষগুলির সম্পূর্ণ বিবরণ, কবে এবং কোথায় সেগুলি কেনা হয়েছিল এবং কোন রশিদ থাকলে তা আমাদের পাঠাবেন।

আপনার অভিযোগ কি বিষয়ে? (দরকার হলে অন্য একটা কাগজের পাতা লেখার জন্য ব্যবহার করবেন)

কবে এটা ঘটেছিল? / /

এর প্রতিকার করার জন্য কি করা উচিত বলে আপনার মনে হয়?